

শিক্ষাপ্রতিষ্ঠানে সরকারের সাফল্য তুলে ধরার নির্দেশ

নিজস্ব প্রতিবেদক ▶

শিক্ষাক্ষেত্রে মহাজোট সরকারের সাফল্য প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে তুলে ধরার নির্দেশ দেওয়া হয়েছে। এ সম্পর্কিত শিক্ষা মন্ত্রণালয়ের একটি 'অতি জরুরি' বার্তা শিক্ষাপ্রতিষ্ঠানগুলোর উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে এ তথ্য জানা গেছে। শিক্ষাসচিব ড. কামাল আব্দুল নাসের চৌধুরী জানিয়েছেন, সরকারের পাঁচ বছরে শিক্ষাক্ষেত্রে অতৃপ্তপূর্ব সাফল্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে তুলে ধরা হয়েছে। একই সঙ্গে সব শিক্ষাপ্রতিষ্ঠানের ওয়েবসাইটে এই বার্তা তুলে ধরার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। শিক্ষায় গত পাঁচ বছরে সরকার কী সাফল্য অর্জন করেছে, তা জানানোর জন্যই এ আয়োজন। তবে বিলম্বের

আকারে এটা প্রচার করার জন্য বলা হয়নি বলে তিনি জানান। প্রসঙ্গত, সম্প্রতি শিক্ষায় সরকারের সাফল্য প্রচার করার জন্য দেশের ৬০ হাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে পাঠানো নির্দেশনা অনুসারে ইতিমধ্যে ঢাকার কয়েকটি বিদ্যালয়ে ডিজিটাল ফেটুন চানানো হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় থেকে পাঠানো নির্দেশনায় বর্তমান সরকারের গৃহীত কার্যক্রমের সংশ্লিষ্ট বিবরণ সংশ্লিষ্ট সংস্থা বা অধিদপ্তরের আওতাধীন সব অফিস ও শিক্ষাপ্রতিষ্ঠানে জরুরি ভিত্তিতে পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। সঙ্গে দুই পৃষ্ঠার প্রচারপত্রও যুক্ত করা হয়েছে।